দৈনিক ইত্তেফাক
তারিখ ... 16 NOV 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

124

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী গতকাল (বৃহস্পতিবার) আনুষ্ঠানিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হইয়াছে। প্রথম দিনেই

(১৫শ পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

বিভিন্ন বিভাগের স্থগিত পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়। একজন প্রভোস্ট জানান, গতকাল পর্যন্ত শতকরা ৩৫/৪০ ভাগ ছাত্র-ছাত্রী হলে ফিরিয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিয়া এবং সর্বদলীয় ছাত্রঐক্য পৃথকভাবে বুধবার রাতে বিভিন্ন হল পরিদর্শন করেন। সর্বদলীয় ছাত্র ঐক্যের পক্ষে ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান, ছাত্র নেতা হাবিবুর রহমান হাবিব, নাজমুল হক প্রধান, খায়রুল কবির খোকন, নুর আহমেদ বকুল, অসীম কুমার উকিল প্রমুখ যৌথভাবে হল পরিদর্শনের সময় বিভিন্ন হলের টিভি রুমে সভা করিয়া ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী আন্দোলন জোরদার করার আহ্বান জানান।

### এমবিবিএস পরীক্ষা

ঢাকা মেডিকেল কলেজ ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ-এর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সেপ্টেম্বর, ১৯৯০ সনের স্থগিত এমবিবিএস পরীক্ষাসমূহ আগামী ২৪শে নভেম্বর হইতে আরম্ভ হইবে।

### ক্লাসে যোগদান সম্পর্কে সরকারী ব্যাখ্যার নিন্দা

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভায় ১১ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষকদের ক্লাসে যোগদান সম্পর্কিত সরকারী ব্যাখ্যার নিন্দা করা হয়।

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯-৯০ শিক্ষা বর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ক্লাস ২৪শে নভেম্বর হইতে শুরু হইবে।